গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
www.nilphamari.gov.bd
সাধারণ শাখা

# জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মে, ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | |
| সভার তারিখ | ১৭ মে ২০২৬ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.৩০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নীলফামারী। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দ, পরিশিষ্ট ক-তে দেখানো হল। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী সভার কাজ শুরু করেন। অতঃপর গত ১৯ এপ্রিল, ২০২৬ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটি সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় কার্যপত্রের আলোকে দপ্তরভিত্তিক আলোচ্য বিষয়াদি উপস্থাপন করা হয়। দপ্তরভিত্তিক বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| দপ্তর ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১. জেলা ওয়েব পোর্টাল :** বিভিন্ন দপ্তরের ব্যানার পরিবর্তন করতে হবে। তথ্য অধিকার প্রাপ্তি নিশ্চিতে এ জেলার ওয়েব পোর্টালে www.nilphamari.gov.bd এর হালনাগাদ কার্যক্রম ও তথ্যাদি আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। যে সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ নেই সে সকল দপ্তরের ওয়েবপোর্টাল দ্রুত সময়ে হালনাগাদকরণের জন্য আলোচনা হয়।<br>সভায় সহকারী প্রোগ্রামার বলেন যে, ওয়েবপোর্টালসমূহ নতুন ফরমেটে হওয়ার বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টালসমূহ হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। | ১। জেলার ওয়েব পোর্টালে শতভাগ হালনাগাদকরণের জন্য সকল দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই তাদেরকে দ্রুত হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়।<br>২। ওয়েবপোর্টাল হালনাগাদকরণসহ ডি-নথি কার্যক্রম শতভাগ নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | দপ্তর প্রধান (সকল)<br><br>সহকারী প্রোগ্রামার (আইসিটি) |
| **২. শুদ্ধাচার :** সুশাসন সংহতকরণের ক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, উদ্ভাবন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল পরস্পরের পরিপূরক। এগুলো সেবা প্রদান প্রতিশ্রুতি(Citizen's Charter) এর যথাযথ বাস্তবায়ন ও প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা আনায়নের বিষয়ে আলোচনা হয়। তাছাড়া, যে সকল অফিসের সিটিজেন চার্টার অনেক পুরাতন এবং লেখা অস্পষ্ট সেগুলি হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১) সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদসহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২) যে সকল অফিসের সিটিজেন চার্টার অনেক পুরাতন এবং লেখা অস্পষ্ট সে সকল অফিসের সিটিজেন চার্টার হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |
| **৩. GPMS :** মাঠ পর্যায়ের অফিসসমূহের স্বল্প ও মধ্য মেয়াদি লক্ষ, কৌশল এবং অগ্রাধিকার কার্যক্রমগুলো কাঠামোগত রুপায়নের জন্য সুনিদিষ্ট কর্মপরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে প্রতিটি অফিসের একাধিক সদস্য নিয়ে কমিটি গঠন করতে হবে। | ১। মাঠ পর্যায়ের অফিসসমূহের স্বল্প ও মধ্য মেয়াদি লক্ষ, কৌশল এবং অগ্রাধিকার কার্যক্রমগুলো কাঠামোগত রুপায়নের জন্য সুনিদিষ্ট কর্মপরিকল্পনা যথাযথভাবে প্রণয়নপূর্বক ক্যালেন্ডার অনুযায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী |
| **৪. পুলিশ বিভাগ, নীলফামারী :** অতিরিক্ত পুলিশ সুপার, নীলফামারী সভায় জানান, জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনা অনুযায়ী মাদকের বিষয়ে জিরো টলারেন্স নীতি অব্যাহত রাখার জন্য জেলায় মাদক বিরোধী অভিযান জোড়দার করা হয়েছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন। | জেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ সুপার নীলফামারী। |
| **৫. স্বাস্থ্য বিভাগ :** সিভিল সার্জন, নীলফামারী সভায় জানান যে স্বাস্থ্য বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। জেলায় সকল কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। সিজার ও প্রসব নিয়ে আলোচনা ও ডেঙ্গু নিয়ে আলোচনা হয়েছে।<br>এছাড়াও তিনি জানান যে, জেলায় হাম রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে টিকা প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ প্রদান করেন। | **স্বাস্থ্যবিধি মেনে সকল কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।** | ১। সিভিল সার্জন নীলফামারী।<br>২। প্রশাসক, পৌরসভা (সকল) নীলফামারী। |

| | | |
|---|---|---|
| **৬. ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল** : তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, নীলফামারী সভায় জানান যে ইনডোর ও আউটডোরে চিকিৎসাসেবা প্রদান অব্যাহত রয়েছে। | নিয়মিতভাবে হাসপাতালে ইনডোর ও আউটডোরে চিকিৎসা সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক জেনারেল হাসপাতাল। |
| **৭. নীলফামারী মেডিকেল কলেজ, নীলফামারী** : অধ্যক্ষ, নীলফামারী মেডিকেল কলেজ, নীলফামারী এর প্রতিনিধি সভায় জানান যে শিক্ষা প্রদান কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | শিক্ষা প্রদান কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধ্যক্ষ, নীলফামারী মেডিকেল কলেজ |
| **৮. গনপূর্ত বিভাগ** : নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নীলফামারী জানান যে গণপূর্ত বিভাগের আওতাধীন উন্নয়নমূলক চলমান কাজসমূহ গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে সমাপ্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | গণপূর্ত বিভাগের আওতাধীন উন্নয়নমূলক চলমান কাজসমূহ গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকাশলী গণপূর্ত বিভাগ নীলফামারী। |
| **৯. এলজিইডি** : নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী জানান যে এলজিইডি এর আওতাধীন উন্নয়নমূলক চলমান কাজসমূহ গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে সমাপ্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।<br>উপপরিচালক, এনএসআই, নীলফামারী সভায় বলেন যে ডোমার-ডিমলা রাস্তার পাঙ্গা নামক স্থানের রাস্তার বেহাল দশার কারণে যাত্রীদের ব্যাপক দুর্ভোগ হচ্ছে। তিনি রাস্তাটি জরুরিভিত্তিতে মেরামতের জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারীর দৃষ্টি আকর্ষণ করেন। | ১। এলজিইডি এর আওতাধীন উন্নয়নমূলক চলমান কাজসমূহ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ডোমার-ডিমলা রাস্তার পাঙ্গা নামক স্থানের রাস্তার দ্রুত মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী এলজিইডি নীলফামারী। |
| **১০. সড়ক বিভাগ** : নির্বাহী প্রকৌশলী, সওজ, নীলফামারীর আওতাধীন প্রকল্পসমূহের অগ্রগতি উপস্থাপন করেন।<br>এছাড়াও তিনি জানান যে নীলফামারী বাইপাস সড়কের মেরামতের কার্যক্রম চলমান রয়েছে, বর্ণিত সড়কের শিমুলতলী নামক স্থানে সড়কের মধ্যে নেসকো, নীলফামারী এর ০১ টি বৈদ্যুতিক খুঁটি রয়েছে। যা তিনি সড়ানোর জন্য নির্বাহী প্রকৌশলী, নীলফামারীকে অনুরোধ করেন। | ১। গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। নীলফামারী বাইপাস সড়কের শিমুলতলী নামক স্থানে সড়কে মধ্যে ০১ টি বিদ্যুতিক খুঁটি সড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। নির্বাহী প্রকৌশলী সড়ক বিভাগ নীলফামারী।<br>২। নির্বাহী প্রকৌশলী, নেসকো, নীলফামারী। |
| **১১. পানি উন্নয়ন বোর্ড, নীলফামারী** : পানি উন্নয়ন বোর্ড, নীলফামারীর আওতাধীন প্রকল্পসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। নদীভাঙ্গন রোধে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। | নির্ধারিত সময়ের মধ্যে বর্ষা মৌসুমের প্রকল্পসমূহের কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। নদীভাঙ্গণ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড নীলফামারী। |
| **১২. পানি উন্নয়ন বোর্ড, সৈয়দপুর** :<br>নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সৈয়দপুর এর প্রতিনিধি সভায় জানান যে পানি উন্নয়ন বোর্ড, সৈয়দপুরের আওতাধীন প্রকল্পসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। নদীভাঙ্গন রোধে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। | প্রকল্পসমূহের কার্যক্রম যথাসময়ে সমাপ্ত করার এবং নদীভাঙণ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড সৈয়দপুর। |
| **১৩. পানি উন্নয়ন বোর্ড, ডালিয়া** : নির্বাহী প্রকৌশলী সভায় জানান তিস্তা নদীর পানি আকস্মিকভাবে বৃদ্ধি পাওয়ায় ডিমলা উপজেলার পশ্চিম ছাতনাই ইউনিয়নের কালিগঞ্জ নামক স্থানে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের প্রায় ১২৫০ মিটার ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে। বর্ণিত বাঁধ এখনে মেরামত করা না হলে বর্ষা মৌসুমে ব্যাপক ক্ষতির সম্মুখীন হবে। এ বিষয়ে তিনি জেলা প্রশাসক মহোদয়কে উর্দ্ধতন কর্মকর্তার সাথে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br>এছাড়াও তিনি পানি উন্নয়ন বোর্ড, ডালিয়ার আওতাধীন প্রকল্পসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। নদীভাঙ্গন রোধে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। | ১। বিভিন্ন জায়গায় ভাঙ্গনের কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নদীর ভাঙ্গন রোধে আগাম প্রস্তুতি নেয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, পাউবো, ডালিয়া, নীলফামারীকে অনুরোধ করা হয়।<br>২। ডিমলা উপজেলার পশ্চিম ছাতনাই ইউনিয়নের কালিগঞ্জ নামক স্থানে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের প্রায় ক্ষতিগ্রস্থ ১২৫০ মিটার মেরামতের নিমিত্ত উর্দ্ধতন কর্মকর্তাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড ডালিয়া নীলফামারী। |
| **১৪. শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর, নীলফামারী** : নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী এর প্রতিনিধি জানান যে গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে শেষ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর নীলফামারী |
| **১৫. স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** : সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী এর প্রতিনিধি সভায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। জেলায় গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম যথা নিয়মে চলমান রয়েছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে শেষ ও হস্তান্তর করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নীলফামারী । |
| **১৬. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** : নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, অধিদপ্তর, নীলফামারী এর প্রতিনিধি সভায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে। সুপেয় পানি, নলকূপ, প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশরুমের কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে সম্পাদন এবং সুপেয় পানি, নলকূপ, প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশরুমের কার্যক্রমের সঠিকভাবে পরিচালনা ও দ্রুত সময়ের মধ্যে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নীলফামারী। |
| **১৭. স্থানীয় সরকার বিভাগ, নীলফামারী**: উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী বলেন যে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন বাস্তবায়নে পৌরসভার প্রশাসক/ ইউপি চেয়ারম্যানগণ, প্রাথমিক শিক্ষা বিভাগ এবং পরিবার পরিকল্পনা বিভাগের সাথে সমন্বয় করে কাজ করছেন। | শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন বাস্তবায়নে পৌরসভার প্রশাসক/ইউপি চেয়ারম্যানগণ প্রাথমিক শিক্ষা বিভাগ এবং পরিবার পরিকল্পনা বিভাগের সাথে সমন্বয় করে কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। ডিডিএলজি নীলফামারী।<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নীলফামারী। |

| | | |
|---|---|---|
| **<u>১৮. জেলা পরিষদ, নীলফামারী:</u>** নীতিমালা অনুযায়ী প্রকল্প চূড়ান্তকরণ, প্রকল্প গ্রহণ এবং যথাযথ মান বজায় রাখার বিষয়ে আলোচনা করা হয়। | প্রকল্পসমূহের কাজ যথাসময়ের মধ্যে সঠিকভাবে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ নীলফামারী। |
| **<u>১৯. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</u>** : উপ-পরিচালক জানান যে চলতি রবি ২০২৫-২৬ মৌসুমে বোরো, ভূট্টা, পেঁয়াজ, আখ, কলা, সয়াবিন, মরিচ, তরমুজ, ব্যতিত নিম্নোক্ত ফসলসমূহের চুড়ান্ত ফলন হয়েছে। আলু-৫৪৬৫৬০ মেট্রিক টন, গম-১২৩০৩ মেট্রিক টন , মিষ্টিআলু-১৮৩১ মেট্রিক টন , শাকসবজি-১২১৫০০ মেট্রিক টন , , সরিষা-১২৬৪০ মেট্রিক টন , রসুন-৫৯৭২ মেট্রিক টন , ধনিয়া-২০৫ মেট্রিক টন ,চিনাবাদাম-৯২ মেট্রিক টন , কালোজিরা-২ মেট্রিক টন, অড়হড়-৪ মেট্রিক টন, মটরশুটি-৪ মেট্রিক টন, ,তিল-০১ মেট্রিক টন, তামাক-২৫৪০ মেট্রিকটন। এছাড়াও চলতি খরিফ-১/২০২৬ মৌসুমে আউশ-১৪৮৮ হেক্টর, ভূট্টা -৭০১ হেক্টর, শাকসবজি-২১১৭ হেক্টর,, চিনাবাদ-৯০৬ হেক্টর, মরিচ-৪৭৩ হেক্টর, আদা-৭০৬ হেক্টর, হলুদ-৯৮০ হেক্টর,, পাট-৪৬৭৭ হেক্টর, কলা-২০ হেক্টর, আবাদ চলমান। | চলতি রবি ২০২৫-২৬ মৌসুমে **জেলায় বরাদ্দকৃত কৃষি প্রণোদনা, পুনর্বাসন কার্যক্রম, সার্বিক পরামর্শ ও সহায়তা প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।** | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নীলফামারী। |
| ১। এপ্রিল/২০২৬ মাসে জাটকা সংরক্ষণ অভিযান ২০২৬ এর আওতায় জেলায় মোট ০৪ টি গণ সচেতনতা সভা, মাছ বাজার ও আড়ৎ পরিদর্শন ২৪ টি ও অভিযান ১০ টি এবং মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বিভিন্ন উপজেলায় আফ্রিকান মাগুর, পিরানহা ও সাকার ফিশ চাষ প্রতিরোধে মোট ০৮টি গণসচেতনতা সভা, মাছ বাজার ও আড়ৎ পরিদর্শন ৪৪টি ও ০৬ টি অভিযান পরিচালনা করা হয়েছে।<br>২। আফ্রিকান মাগুর, পিরানহা মাছ ও সাকার ফিস বিক্রয়ের বিষয়ে মৎস্য চাষী/মৎস্যজীবিদের বিরত থাকার জন্য সচেতন করা হচ্ছে। মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন করে মাছের উৎপাদন বৃদ্ধি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করা হচ্ছে। | ১। মৎস্য সংরক্ষণে নিয়মিত মোবাইল কোর্ট ও বিভাগীয় অভিযান পরিচালনা করতে হবে। জেলায় মাছের সাথে ঝিনুক চাষ করে মুক্তা উৎপাদনের জন্য সংশ্লিষ্ট চাষীদের পরামর্শ ও উদ্বুদ্ধকরণ অব্যাহত রাখতে হবে।<br>২। হাইব্রিড মাগুর মাছের পোনা উৎপাদন ও চাষ করা থেকে বিরত রাখার জন্য প্রচার-প্রচারণা এবং চাষীদের নিরুৎসায়িত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী। |
| **<u>২১. প্রাণিসম্পদ বিভাগ</u>** : জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা কর্তৃক খামারীদের প্রয়োজনীয় সেবা ও পরামর্শ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। তিস্তা ক্যানেলে প্রচুর হাঁসের খামার রয়েছে। হাঁসের খামারিদের হাঁস পালনে পরামর্শ ও অ্যানথ্রাক্স রোগের ভ্যাকসিন প্রদান করা হচ্ছে মর্মে সভায় অবহিত করেন।<br>এছাড়াও তিনি আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বিভিন্ন স্থানে পশুর হাট বসা শুরু হয়েছে। পশুর হাটসমূহের নির্দিষ্ট স্থানে ভেটেনারী টিমের বসার জায়গার ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | ১। উন্নত জাতের বিদেশী পশু পালনের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ ও পশুর অ্যানথ্রাক্স রোগের ভ্যাকসিন প্রদান অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। পশুর হাটসমূহের নির্দিষ্ট স্থানে ভেটেনারী টিমের বসার জায়গার ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্ত নীলফামারী।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নীলফামারী |
| **<u>২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ)</u>** : দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ উন্নয়নমূলক কাজ যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ উন্নয়নমূলক কাজ যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি নীলফামারী |
| **<u>২৩. বিএডিসি (বীজ উৎপাদন খামার), নীলফামারী</u>** : এ জেলায় আমন মৌসুমের পর্যাপ্ত পরিমাণে বীজ মজুদ রয়েছে। বীজের কোনো ঘাটতি নেই। | সুষ্ঠুভাবে বীজ প্রক্রিয়াজাতকরণের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র সহকারী পরিচালক (খামার) বিএডিসি নীলফামারী |
| **<u>২৪. বীজ বিপণন</u>** : সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা সভায় জানান যে, কৃষক পর্যায়ে প্রণোদনা হিসেবে উচ্চ ফলনশীল বীজ প্রদান করা হচ্ছে। কৃষকদের পরামর্শ ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। | কৃষক পর্যায়ে প্রণোদনা হিসেবে উচ্চ ফলনশীল বীজ বিতরণ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী প্রত্যয়ন অফিসার নীলফামারী |
| **<u>২৫. বীজ প্রত্যয়ন এজেন্সী</u>** : জেলা বীজ প্রত্যয়ন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এ জেলায় বীজের কোনো ঘাটতি নেই। গুণগত মান বজায় রেখে কৃষকদের মাঝে বীজ বিতরণ করা হচ্ছে। | জেলার চাহিদা মোতাবেক সরকারি ও বেসরকারি পর্যায়ে বীজ উৎপাদন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা বীজ প্রত্যয়ন অফিসার নীলফামারী |
| **<u>২৬. কৃষি বিপণন অধিদপ্তর, নীলফামারী</u>** : নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ, মজুদ ও মূল্য পরিস্থিতি বিষয়ে জেলার পাইকারি ও খুচরা বাজার নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে। বাজার মনিটরিং সময়ে ক্রয়কৃত পণ্যের মূল রশিদ দোকান ও ব্যবসা প্রতিষ্ঠানে সংরক্ষণ এবং পণ্যের পাইকারি ও খুচরা বিক্রয়মূল্য তালিকা দৃষ্টিগোচর স্থানে প্রদর্শনের পরামর্শ দেওয়া হচ্ছে। | নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ এবং মূল্য পরিস্থিতি স্থিতিশীল রাখার বিষয়ে নিয়মিত বাজার মনিটরিং/অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | **কৃষি বিপণন কর্মকর্তা নীলফামারী** |
| **<u>২৭. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ</u>** : নীলফামারী জেলার ৪টি এলএলপিসহ সর্বমোট ২৮৬ টি সেচযন্ত্র সেচকাজে ব্যবহৃত হয়। ট্রান্সফরমারের নিরাপত্তার বিষয়ে সতর্কতা অবলম্বন করা হয়েছে। সংযোগ বিচ্ছিন্নকৃত সেচযন্ত্রে পুনঃসংযোগের কাজ চলমান রয়েছে। | সকল সেচযন্ত্র সেচকাজে ব্যবহারের জন্য সার্বক্ষণিক প্রস্তুত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ নীলফামারী |
| **<u>২৮. জেলা শিক্ষা বিভাগ</u>** : জেলা শিক্ষা অফিসার, নীলফামারী সভায় জানান যে ব্যানবেইসের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান জরিপ চলমান রয়েছে। এছাড়াও তিনি সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যক্রম চালুর বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যক্রম অনুযায়ী পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও গুণগত শিক্ষার মান বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা শিক্ষা অফিসার নীলফামারী |

| | | |
|---|---|---|
| **২৯. জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী সভায় জানান যে প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী জানান যে ডিমলা উপজেলা প্রাথমিক বিদ্যালয়সমূহের মধ্যে ০৩ টি প্রাথমিক বিদ্যালয়ের জায়গায় নদীতে ভেঙ্গে পাড়ার কারণে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। এতে শিক্ষার্থীরা ব্যাপক ক্ষতিগ্রস্থ হচ্ছে। | ১। সুষ্ঠু ও সুন্দর পরিবেশে আন্তরিকতার সাথে পাঠদান কার্যক্রম পরিচালনায় শিক্ষকদের আন্তরিকভাবে কাজ করার অনুরোধ করা হয়।<br>২। ডিমলা উপজেলার ক্ষতিগ্রস্থ ০৩ প্রাথমিক বিদ্যালয় অন্যত্র স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নীলফামারী। |
| **৩০. উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নীলফামারী :** কিশোর-কিশোরীদের জীবনমুখী শিক্ষা T.T.C ভোকেশনালে শুরু হয়েছে। | কিশোর-কিশোরীদের জীবনমুখী শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নীলফামারী। |
| **৩১. জেলা খাদ্য বিভাগ :** জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারীর প্রতিনিধি সভায় জানান যে ভিজিএফ-এর কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল উপজেলায় ভিজিএফ-এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারীকে অনুরোধ করা হয়। | জেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী |
| **৩২. বন বিভাগ :** বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর এর প্রতিনিধি বলেন যে বর্তমান সরকারের ইশতেহার ছিল আগামী ৫ বছরে সারাদেশে ২৫ কোটি চারা রোপণ করা হবে। বর্ণিত কর্মসূচির আওতায় নীলফামারী জেলায় লক্ষ্যমাত্রা এ পর্যন্ত পাওয়া যায়নি। লক্ষ্যমাত্রা পাওয়া মাত্রই সুনির্দিষ্ট পরিকল্পনা মোতাবেক সকল দপ্তরের সাথে আলোচনাপূর্বক চাহিদা ও প্রাপ্যতা নির্ধারণ করে যথাযথ স্থান নির্বাচনপূর্বক বৃক্ষরোপণ করা হবে। এক্ষেত্রে বিভিন্ন ধরনের সমিতি/সংগঠনকে দায়িত্ব প্রদান করলে রোপণকৃত চারা রক্ষণাবেক্ষণ করা সহজ হবে। | চারা রোপণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর। |
| **৩৩. পরিবার পরিকল্পনা বিভাগ :** উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর নীলফামারী জানান যে দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদন করা হচ্ছে। জেলা ০৬টি উপজেলার পরিবার পরিকল্পনার এপ্রিল/২০২৬ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা-৪৩০১৬১, স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-৬৬। উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও নরমাল ডেলিভারি মায়েদের উপহার সামগ্রী বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। জেলায় পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্রিয় সহযোগিতার জন্য মাঠ পর্যায়ের কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br>৩। জন্ম-মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপপরিচালক স্থানীয় সরকার নীলফামারী<br>০২। উপপরিচালক পরিবার পরিকল্পনা বিভাগ, নীলফামারী<br>০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) নীলফামারী |
| **৩৪. সমাজসেবা অধিদপ্তর, নীলফামারী :** ক্ষুদ্রঋণ, অনগ্রসর জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, ইত্যাদির বিষয়ে কার্যক্রম/সাহায্য প্রদান করা হয়েছে। সামাজিক নিরাপত্তার আওতায় ৩য় কিস্তির টাকা এবং ক্যান্সার ও কিডনি রোগের চিকিৎসার টাকা দেওয়া হয়েছে। প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। এছাড়াও হিজড়াদের পুনর্বাসনের জন্য সেলাই মেশিন বিতরণের বিষয়ে আলোচনা করা হয়। | সামাজিক নিরাপত্তার বিভিন্ন কর্মসূচিতে প্রকৃত উপকারভোগী চিহ্নিতকরণ, বিভিন্ন কার্যক্রম/সাহায্য প্রদান এবং প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ এবং হিজরাদের পুনর্বাসন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক সমাজসেবা অধিদপ্তর নীলফামারী |
| **৩৫. জেলা ত্রাণ ও পুনর্বাসন বিভাগ :** বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য শুকনো খাবার, টিন ও নগদ টাকা মজুদ রয়েছে মর্মে সভায় জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা বিস্তারিত আলোচনা করেন। | বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার আগাম প্রস্তুতি হিসেবে শুকনো খাবার, টিন ও নগদ টাকা মজুদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা নীলফামারী। |
| **৩৬. জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী:** উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারীর প্রতিনিধি সভায় জানান যে ভিজিডাব্লিউবি কর্মসূচির আওতায় ৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ঋণ আদায় কার্যক্রম চলমান।"জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ" কর্মসূচির আওতায় অন্তর্ভুক্ত প্রশিক্ষণার্থীদের নারী উদ্যোক্তা হিসেবে তৈরি কার্যক্রম অব্যাহত রয়েছে। | প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং ২০২৫-২০২৬ অর্ধ-বার্ষিক ভালনারেবল উইমেন বেনিফিট (VWB) নির্বাচন কার্যক্রম সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী |
| **৩৭. পল্লী বিদ্যুৎ সমিতি, নীলফামারী :** জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নীলফামারী এর প্রতিনিধি সভায় জানান, বিদ্যুতের অপচয় রোধ করা জরুরি। সকলকে বিদ্যুৎ অপচয়রোধে কাজ করার আহ্বান জানান একইসাথে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের অনুরোধ করেন।<br>এছাড়াও তিনি বর্তমানে জ্বালানি সংকটের জন্য সকল দপ্তর ও বিভাগকে বিদ্যুৎ ব্যবহারের সাশ্রয়ী হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ১। বিদ্যুতের অপচয় রোধ করা এবং বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে সকলকে অনুরোধ করা হয়।<br>২। সকল দপ্তর বা বিভাগকে বিদ্যুৎ ব্যবহারের সাশ্রয়ী হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি নীলফামারী |
| **৩৮. নেসকো লিমিটেড, নীলফামারী :** নির্বাহী প্রকৌশলী, নেসকো লিমিটেড, নীলফামারী সভায় জানান যে ঘনঘন লোডশেডিং এড়ানোর জন্য বিদ্যুতের অপচয়রোধ করা জরুরি। চলতি অর্থ বছর প্রায় শেষ হওয়ার কারণে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সকল দপ্তরের সহযোগিতা কামনা করেন। | বিদ্যুতের অপচয় রোধ, বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, নেসকো লিমিটেড, নীলফামারী। |

| | | |
|---|---|---|
| **৩৯. সমবায় বিভাগ, নীলফামারী :** আবাসন ও আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমের বিষয়ে আলোচনা করা হয় এবং সমিতিসমূহ নিয়মিত অডিট করার বিষয়ে আলোচনা করা হয়। | আশ্রয়ন প্রকল্পের ঋণ বিতরণ কার্যক্রম জোরদার ও সমিতিসমূহ নিয়মিত অডিট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা সমবায় অফিসার নীলফামারী |
| **৪০. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী:** উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড সভায় জানান যে এবারেই প্রথম বারের মত আগামী ০৬ জুলাই ২০২৬ তারিখে জাতীয় পল্লী উন্নয়ন দিবস সারা দেশে পালন করা হবে। জাতীয় পল্লী উন্নয়ন দিবস উপলক্ষে বিস্তারিত কর্মসূচি পরবর্তীতে জানানো হবে মর্মে সভায় আলোচনা করেন। চলতি অর্থবছরে প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। উদ্যোক্তা তৈরিতে প্রশিক্ষণ শেষে তাদের ঋণ দেওয়া হচ্ছে। | ১। প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখাসহ উদ্যোক্তা তৈরিতে প্রশিক্ষণার্থীদের ঋণ বিতরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। আগামী ০৬ জুলাই ২০২৬ তারিখে জাতীয় পল্লী উন্নয়ন দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক বিআরডিবি নীলফামারী |
| **৪১. যুব উন্নয়ন অধিদপ্তর, নীলফামারী :** শিক্ষিত ও বেকার যুবক-যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষিত যুবকদের যুব উন্নয়ন ঋণ প্রদান করা হয়ে থাকে মর্মে আলোচনা করা হয়। | প্রশিক্ষণ ও যুব ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রেখে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর নীলফামারী |
| **৪২. ইসলামিক ফাউন্ডেশন, নীলফামারী :** ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক জেলায় মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন নীলফামারী । |
| **৪৩. বিটিসিএল, নীলফামারী :** সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, নীলফামারী জানান যে নীলফামারী, ডোমার, ডিমলা, সৈয়দপুর এবং জলঢাকা টেলিফোন ও উত্তরা ইপিজেড টেলিফোন এক্সচেঞ্জ AGW(MOTN) সুইচিং কাজের অগ্রগতি ১০০%। অপটিক্যাল ফাইবারের মাধ্যমে দ্রুতগতির ইন্টারনেটসহ GPON টেলিফোন সেবা নীলফামারী এক্সচেঞ্জের আওতায় সকল বিভাগকে গ্রহণের অনুরোধ করেন। | অপটিক্যাল ফাইবারের মাধ্যমে দ্রুতগতির ইন্টারনেটসহ GPON টেলিফোন সেবা গ্রাহক পর্যায়ে আবেদনের প্রেক্ষিতে সংযোগ অব্যাহত রাখতে হবে। | সহকারী ব্যবস্থাপক বিটিসিএল নীলফামারী |
| **৪৪. হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, নীলফামারী :** জেলার ০৬ উপজেলায় ১৫৬টি শিক্ষা কেন্দ্রে শিক্ষা কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে এবং নিয়মিত সুপারভিশন ও মনিটরিং চলমান রয়েছে। | শিক্ষা কেন্দ্রে শিক্ষা কার্যক্রম যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত সুপারভিশন ও মনিটরিং রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, নীলফামারী |
| **৪৫. আনসার ও ভিডিপি, নীলফামারী:** জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নীলফামারী এর প্রতিনিধি সভায় জানান, মাদকদ্রব্য ও চোরাচালান, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন ইভ টিজিং ও জঙ্গিবাদ বিরোধী সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | মাদকদ্রব্য ও চোরাচালান রোধ, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | জেলা কম্যান্ড্যান্ট আনসার ও ভিডিপি নীলফামারী |
| **৪৬. জেলা তথ্য অফিস, নীলফামারী :** জেলা তথ্য অফিসার, নীলফামারী সভায় জানান যে জেলার ০৬ টি উপজেলায় মাদকের কুফল, ডেঙ্গু প্রতিরোধ, স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, যৌতুক ও বাল্যবিবাহের কুফল, তথ্য অধিকার আইন, মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, গর্ভবতী মায়ের পরিচর্যা, চলচ্চিত্র প্রদর্শন বাস্তবায়ন করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। | জেলার ০৬ টি উপজেলায় মাদকের কুফল, ডেঙ্গু প্রতিরোধ, স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, যৌতুক ও বাল্যবিবাহের কুফল, তথ্য অধিকার আইন, মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, গর্ভবতী মায়ের পরিচর্যা, চলচ্চিত্র প্রদর্শন বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা তথ্য অফিসার, নীলফামারী |
| **৪৭. জেলা নির্বাচন অফিস, নীলফামারী :** জেলা নির্বাচন অফিসার, নীলফামারী এর প্রতিনিধি সভায় জানান যে দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। | জেলা নির্বাচন অফিসের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা নির্বাচন অফিসার নীলফামারী |
| **৪৮. বিসিক, নীলফামারী :** নতুন শিল্পনগরী স্থাপনের জন্য সম্ভাব্য নির্ধারিত স্থান ০৩টি কমিটির মাধ্যমে পরিদর্শন করা প্রয়োজন মর্মে উপ-ব্যবস্থাপক, বিসিক, নীলফামারী সভায় অবহিত করেন। এ বিষয়ে প্রধান কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বিসিক শিল্পনগরী সৈয়দপুর, নীলফামারীতে ৯২ টি প্লটের মধ্যে ৯২ টি বরাদ্দ দেওয়া হয়েছে। মোট স্থাপিত শিল্প ইউনিট ৪৯ টি। ৪৯টি চালু রয়েছে, কোনো বন্ধ ইউনিট নেই। বিসিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র সৈয়দপুর, নীলফামারীতে ৬টি ট্রেডে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>সভায় সভাপতি বলেন যে আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে জবাইকৃত পশুর চামড়া যথাযথ সংরক্ষণের জন্য পর্যাপ্ত পরিমাণ লবণসহ অন্যান্য বিষয়ে সজাগ থাকার জন্য অনুরোধ করেন। | ১। বিসিক, নীলফামারীর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে জবাইকৃত পশুর চামড়া যথাযথ সংরক্ষনের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের নির্ধারিত ঠিকাদার পর্যাপ্ত পরিমাণ লবণ সরবরাহ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-ব্যবস্থাপক বিসিক, নীলফামারী |
| **৪৯. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নীলফামারী :**<br>উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নীলফামারী আগুন লাগার কারণ, আগুন নিয়ন্ত্রণ ও দুর্ঘটনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। দুর্ঘটনার ক্ষয়ক্ষতি কমাতে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন। | ০১। আগুন ও সড়ক দুর্ঘটনা এড়ানোর জন্য সরকারি সকল দপ্তরকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। এ জেলায় সকল শিল্প প্রতিষ্ঠানের Fire Extinguisher যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নীলফামারী |

| | | |
|---|---|---|
| **<u>৫০. জেলা পরিসংখ্যান অফিস, নীলফামারী</u> :** উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, নীলফামারী জানান যে Consumer Price Index (CPI) QIIP, PPI, Building Materials Price Index (BMPI), Wage Rate Index (WRI) এর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান। | Consumer Price Index (CPI) QIIP, PPI, Building Materials Price Index (BMPI), Wage Rate Index (WRI) এর তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক জেলা পরিসংখ্যান অফিস, নীলফামারী |
| **<u>৫১. বাংলাদেশ শিশু একাডেমি, নীলফামারী :</u>** জেলা শিশু বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে ২০২৬ শিক্ষাবর্ষে সপ্তাহে সরকারি ছুটি ব্যতীত পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে। হাতের লেখা সুন্দর, সংগীত, নৃত্য, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রশিক্ষণ বিষয়ে শিশুরা নিয়মিত ক্লাস করছে। | জেলা শিশু একাডেমিতে শিশুদের মানসিক বিকাশে কবিতা আবৃতি, নৃত্য, নাট্য সুষ্ঠুভাবে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা নীলফামারী |
| **<u>৫২. পাট অধিদপ্তর, নীলফামারী :</u>** মুখ্য পাট পরিদর্শক, নীলফামারী এর প্রতিনিধি জানান যে "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের পাট উৎপাদনকারী চাষীদের মাঝে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার চলমান রয়েছে। পাটজাত পণ্য উৎপাদন ও ক্রয়ে মানুষকে উৎসাহ প্রদান করা হচ্ছে। | **"উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের পাট উৎপাদনকারী চাষীদের মাঝে প্রশিক্ষণ প্রদানসহ পাটজাত পণ্য উৎপাদন ও ক্রয়ে মানুষকে উৎসাহ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।** | মুখ্য পরিদর্শক পাট অধিদপ্তর নীলফামারী |
| **<u>৫৩. জেলা সঞ্চয় অফিস, নীলফামারী</u> :** সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস সভায় জানান যে লক্ষ্যমাত্রা অনুযায়ী সঞ্চয় কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সঞ্চয়পত্র কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | সহকারী পরিচালক জেলা সঞ্চয় অফিস নীলফামারী |
| **<u>৫৪. কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী</u> :** কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের আওতাধীন ১৩টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। প্রশিক্ষণার্থীদের বিভিন্ন দেশে প্রেরণ করা হচ্ছে। | উদ্যোক্তা তৈরিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী |
| **<u>৫৫.বাংলাদেশ রেলওয়ে, সৈয়দপুর</u>** : যে সকল রেল ক্রসিংয়ে সিগন্যাল ম্যান নেই সেসব জায়গাগুলো কীভাবে নিয়ন্ত্রণ হবে অর্থাৎ কোথায় সাইনবোর্ড বা অন্য কোন উপায়ে নিয়ন্ত্রণ সে বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবরে পত্র লিখতে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | রেল ক্রসিংগুলো নিয়ন্ত্রণ করা জন্য সাইনবোর্ড প্রদর্শন বা সিগন্যাল ম্যান নিয়োগের জন্য সচিব মহোদয় বরাবরে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় তত্বাবধায়ক সৈয়দপুর রেলওয়ে কারখানা নীলফামারী |
| **<u>৫৬. জেলা ক্রীড়া অফিস, নীলফামারী</u> : জেলা ক্রীড়া অফিসার জানান যে বার্ষিক ক্রীড়া কর্মসূচির আওতায় সকল খেলাধুলা ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি বলেন যে, দেশের ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসাবে তৃণমূল পর্যায়ে থেকে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্যে থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' জেলা পর্যায়ের কর্মসূচি গত ০৮ মে ২০২৬ তারিখে সফলভাবে শেষ হয়েছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।** | বার্ষিক ক্রীড়া কর্মসূচির আওতায় সকল খেলাধুলা ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ক্রীড়া অফিসার, নীলফামারী। |
| **<u>৫৭. জেলা শিল্পকলা একাডেমি, নীলফামারী</u> :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ বিভাগের নীতিমালা অনুযায়ী ২০২৫-২৬ শিক্ষাবর্ষে জেলা শিল্পকলা একাডেমি, নীলফামারীতে কণ্ঠ সংগীত, নৃত্য, আবৃত্তি/নাটক, বাদ্যযন্ত্র, চারুকলা প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জেলা শিল্পকলা একাডেমি, নীলফামারীতে কণ্ঠ সংগীত, নৃত্য, আবৃত্তি/নাটক, বাদ্যযন্ত্র, চারুকলা প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী নীলফামারী। |
| **<u>৫৮. পিটিআই, নীলফামারী</u> :** সুপারিনটেনডেন্ট, পিটিআই, নীলফামারী সভায় জানান যে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সুপারিনটেনডেন্ট পিটিআই নীলফামারী |
| **<u>৫৯. ঔষধ প্রশাসন</u> :** সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, নীলফামারী সভায় জানান যে বিভিন্ন ফার্মেসিতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। | বিভিন্ন ফার্মেসিতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার জন্য মোবাইল কোর্ট অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ঔষধ তত্বাবধায়ক ঔষধ প্রশাসন নীলফামারী |
| **<u>৬০. পরিবেশ অধিদপ্তর</u>** সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নীলফামারী সভায় জানান যে বায়ু দূষণ, শব্দদূষণ ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধিসহ পরিবেশ দূষণকারী ইটভাটা, প্লাস্টিক ও পলিথিন ব্যবহার রোধকল্পে অবৈধ ইটভাটা ও শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। পলিথিন শপিং ব্যাগ ও সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধে করণীয় এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>এছাড়াও তিনি বিশ্ব পরিবেশ দিবস-২০২৬ জুন মাসে যে কোন সুবিধাজনক সময়ে উদ্‌যাপন করা হবে মর্মে সভায় অবহিত করেন। | ১। শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক শব্দদূষণ ও বায়ুদূষণ নিয়ন্ত্রণের নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। নিষিদ্ধ হাইড্রোলিক হর্ণ ব্যবহারকারী যানবাহনের বিরুদ্ধে অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বিশ্ব পরিবেশ দিবস-২০২৬ জুন মাসের সুবিধাজনক সময়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক পরিবেশ অধিদপ্তর নীলফামারী। |

| | | |
|---|---|---|
| **৬১. সৈয়দপুর বিমানবন্দর :**<br>বিমানবন্দর ব্যবস্থাপক, বিমানবন্দরের নিরাপত্তা বিঘ্নিত না হওয়া এবং সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে সকলকে অবহিত করেন। | বিমানবন্দরের নিরাপত্তা যাতে বিঘ্নিত না হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিমানবন্দর ব্যবস্থাপক সৈয়দপুর বিমানবন্দর নীলফামারী |
| **৬২. আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী :**<br>আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী-এর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। পাসপোর্ট ইস্যু ও নবায়ন কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | পাসপোর্ট ইস্যু ও নবায়ন সুষ্ঠুভাবে সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক পাসপোর্ট অফিস নীলফামারী। |
| **৬৩. বাংলাদেশ নিরাপদ খাদ্য, নীলফামারী :** নিরাপদ ও ঝুঁকিমুক্ত খাবার উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণন পর্যায়ে মনিটরিং ও সচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধিসহ নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠকের কার্যক্রম পরিচালনা করার বিষয়ে আলোচনা করা হয়। | নিরাপদ ও ঝুঁকিমুক্ত খাবার নিশ্চিতে উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণন পর্যায়ে মনিটরিং ও নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠকের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা নিরাপদ খাদ্য অফিসার নীলফামারী । |
| **৬৪. জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, নীলফামারী:** বাজার অভিযান ও তদারকিমূলক কার্যক্রম পরিচালনার পাশাপাশি অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, নীলফামারী সভায় আলোচনা করেন। | বাজার অভিযান ও তদারকিমূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার নীলফামারী |
| **৬৫. বিআরটিএ, নীলফামারী:** ড্রাম ট্রাকগুলো অধিক লোড নিয়ে অননুমোদিত সড়কে বা রাস্তায় চলাচল করে থাকে । এতে করে দ্রুত রাস্তাগুলো নষ্ট হয়ে যাচ্ছে । অধিক লোড নিয়ে যেন ড্রাম ট্রাকগুলো চলাচল করতে না পারে সে বিষয়ে বিআরটিএ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | ড্রাম ট্রাকগুলো অধিক লোড নিয়ে অননুমোদিত সড়কে বা রাস্তায় চলাচল করতে না পারে সে বিষয়ে বিআরটিএ সংশ্লিষ্ট সকলকে নিয়ে যৌথ অভিযান গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ার) বিআরটিএ নীলফামারী |
| **৬৬. প্রধান ডাকঘর, নীলফামারী:** দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। সেবাপ্রত্যাশীদের দ্রুত ও আন্তরিকতার সাথে সেবা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | সেবাপ্রত্যাশীদের দ্রুত ও আন্তরিকতার সাথে সেবা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, নীলফামারী |
| **৬৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নীলফামারী:** জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণে অভিযানসহ সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়াও মাদকের কুফল সম্পর্কে সতর্কতামূলক প্রচারণা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নীলফামারী |
| **৬৮. বিবিধ :**<br>১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক মোতাবেক এসডিজি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক মোতাবেক এসডিজি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |
| ২) জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র নতুন ছক মোতাবেক প্রতি মাসের ১-১০ তারিখের মধ্যে প্রদান করার জন্য সকল সদস্যকে অনুরোধ করা হয়। | ২) সংশোধিত ছক মোতাবেক প্রতি মাসের ১-১০ তারিখের মধ্যে কার্যপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |
| ৩) সভায় উপস্থিত উপপরিচালক, এনএসআই, নীলফামারী জানান যে সৈয়দপুর পৌরসভার আওতায় ওয়াবদা হতে রেলঘুন্টি পর্যন্ত রাস্তা মেরামতের কার্যক্রম চলমান রয়েছে। রাস্তার মধ্যে বৈদ্যুতিক খুঁটি রেখে রাস্তা মেরামত করা হচ্ছে। যা নিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় লেখালেখি হচ্ছে। বিষয়টি সুষ্ঠুভাবে সমাধানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ৩) ওয়াবদা হতে রেলঘুন্টি পর্যন্ত রাস্তার উপর বৈদ্যুতিক খুঁটি অপসরণপূর্বক রাস্তা মেরামতের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, সৈয়দপুর পৌরসভা |
| ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী সভায় জানান যে, দেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি, আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণ এবং ঝুঁকিপূর্ণ ও প্রতারণামূলক বিনিয়োগ কার্যক্রম প্রতিরোধের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক দেশব্যাপী "বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা কার্যক্রম" বাস্তবায়ন করা হচ্ছে। পুঁজিবাজার সম্পর্কিত প্রাথমিক ধারণাপত্র সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪) দেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি এবং আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে দেশব্যাপী "বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা কার্যক্রম" আরও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪-০৫-২০২৬
মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা প্রশাসক

নম্বর: ০৫.৪৭.৭৩০০.০০০.০০৮.০৬.০০০১.২২.১৮২

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ........................................................................ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৫। পুলিশ সুপার, নীলফামারী।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নীলফামারী।
৭। সিভিল সার্জন, নীলফামারী।
৮। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
৯। নির্বাহী প্রকৌশলী, .............................................................................. নীলফামারী।
১০। ............................................................................., .................................................... নীলফামারী।
১১। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী।
১২। জেলা........................................................................., .................................................... নীলফামারী।
১৩। সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
১৪। সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।

২৪-০৫-২০২৬
মোঃ সাদমান সাকিব খান
সহকারী কমিশনার